# B.A. 2nd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : Bengali

## Course : CC-3

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'কোথায় পরাণনাথ বলি খেণে কান্দে'— কে 'কান্দে'? 'পরাণনাথ' কে?

(খ) 'চিত মোর হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে'— কে কাকে 'নাগর ছলে' ছলনা করেছেন?

(গ) 'ভণিতা' কাকে বলে?

(ঘ) 'আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে
দেখিয়া পরাণ ফাটে'।
— এখানে 'বঁধুয়া' কে? তাকে দেখে কার 'পরাণ ফাটে'?

(ঙ) 'অনুভবি কানু-পিরীতি অনুমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ।।'
— চরণটির অর্থ লেখো।

(চ) 'তাকর চরণে দীনহীন বঞ্চিত'— কে, কেন নিজেকে 'বঞ্চিত' বলেছেন?

(ছ) বৈষ্ণব শাস্ত্র মতে রস কয় প্রকার ও কী কী?

(জ) 'এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া'— এখানে 'মা' ও 'ঝি' কে কে?

(ঝ) 'হিয়ের জল ঝিয়ের চোখে উথলিল'— অর্থ কী?

(ঞ) 'গেলে যদি কৃত্তিবাস না পাঠান ভাবি তাই'— কে বলেছেন? 'কৃত্তিবাস' বলতে বক্তা কাকে বুঝিয়েছেন?

(ট) 'কহিলা কাতরে নবমীর নিশা-শেষে গিরীশের রাণী'— 'গিরীশ' এবং তাঁর 'রাণী'-র পরিচয় কী?

(ঠ) শাক্তপদ রচনা করেছেন, উনিশ শতকের এমন দুজন কবির নাম উল্লেখ করো।

(ড) 'ছিল স্থানের মধ্যে অভয়চরণ, তাও নিয়েছেন ত্রিপুরারি'— উদ্ধৃত অংশের তাৎপর্য কী?

(ঢ) 'এক আসামী ছয়টা প্যাদা'— 'আসামী' এবং 'ছয়টা প্যাদা'-র রূপক-তাৎপর্য লেখো।

(ণ) 'নর-কর কটি বেড়া, খুলে পর মা পীতধড়া'— কোন পর্যায়ের পদ? পদকর্তার নাম কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'প্রার্থনা' কাকে বলে? তোমাদের পাঠ্য নরোত্তম দাসের লেখা 'প্রার্থনা' পর্যায়ের পদটির ভাববস্তু ব্যাখ্যা করো।

(খ) 'সখাগণ আগে পাছে গোপাল করিয়া মাঝে
ধীরে ধীরে করহ গমন।'
—কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশের মধ্যে উৎকণ্ঠাকাতর মাতৃহৃদয়ের যে প্রকাশ ঘটেছে, তার পরিচয় দাও।

(গ) 'ভাবোল্লাস' বলতে কী বোঝায়? তোমাদের পাঠ্য ভাবোল্লাস-বিষয়ক পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

(ঘ) 'কবে যাবে বল গিরিরাজ'— কার প্রতি কার জিজ্ঞাসা? পাঠ্য পদ অনুসরণে গিরিরাজ চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) 'যেও না রজনী আজি লয়ে তারাদলে'— কার লেখা পদ? প্রাসঙ্গিক পদ অবলম্বনে বক্তার চরিত্রের কোন দিকটি উজ্জ্বল হয়ে উঠেছে আলোচনা করো।

(চ) 'প্যাদার রাজা কৃষ্ণচন্দ্র, তার নামেতে নিলাম জারি।
যে পান বেচে খায় কৃষ্ণ পান্তি তারে দিলে জমিদারী।।'
—পদকর্তা কে? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'মাথুর' বলতে কী বোঝায়? পাঠ্যপদ অবলম্বনে মাথুর পর্যায়ে রাধার মনোবেদনার পরিচয় দাও।

*অথবা,*

পূর্বরাগের সংজ্ঞা কী? পঠিত পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো।

(খ) শাক্তপদে 'বিজয়া' বলতে কী বোঝায়? বিজয়ার পদগুলিতে যে করুণ রসের প্রকাশ লক্ষ করা যায়, তোমাদের পাঠ্য পদগুলি অবলম্বন করে তার পরিচয় দাও।

*অথবা,*

'ভক্তের আকুতি' কাকে বলে? পাঠ্য পদ অবলম্বনে 'ভক্তের আকুতি'-র ভাববস্তু বিচার করো।

———

# B.A. 2nd Semester (Honours) Examination, 2023 (CBCS)

## Subject : Bengali

## Course : CC-4

**Time: 3 Hours**

**Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত কবির একটি ভণিতা লেখো।

(খ) 'অষ্টাহগীত' কাকে বলে?

(গ) "এ ত মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়।"— কাব্যাংশটির তাৎপর্য লেখো।

(ঘ) "লুকাইল দশমূর্ত্তি সতী হৈলা সতী।"— সতীর এই দশমূর্ত্তি কী কী?

(ঙ) "কৃষ্ণচন্দ্রে দুই পক্ষ সদা জ্যোৎস্নাময়।"— ব্যাখ্যা করো।

(চ) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত রাজা কৃষ্ণচন্দ্রের রাজ্যসীমার উল্লেখ করো।

(ছ) "নগর পুড়িলে দেবালয় কি এড়ায়।"— কথাগুলির মর্মার্থ উদ্ধার করো।

(জ) "শিবার হইল ক্রোধ শিবের বচনে।"— শিবার ক্রোধের কারণটি কী?

(ঝ) 'অন্নদামঙ্গল' কাব্যে উল্লিখিত দুটি প্রবাদ-প্রবচনের উল্লেখ করো।

(ঞ) "কটক চর্চিয়া ভ্রমে চর দুইজন।"— এই দু'জন চর কে কে?

(ট) নল ও নীল কারা?

(ঠ) "শোকেতে পাগলী সীতা গড়াগড়ি খায়।"— সীতার এই শোকের কারণ কী?

(ড) মাল্যবান কে? তার সঙ্গে রাবণের সম্পর্ক কী?

(ঢ) বিদ্যুৎজিহ্ব কে? তাকে কোন কাজের দায়িত্ব দেওয়া হয়েছিল?

(ণ) রাবণ কোন দেবতার থেকে কী বর পেয়েছিলেন?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'লঙ্কাকাণ্ড' অনুসরণে হনুমানের লঙ্কাদহনের কাহিনিটি সংক্ষেপে লেখো। হনুমানের মায়ের নাম কী?

(খ) 'অন্নদামঙ্গল' কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশটির ঐতিহাসিক গুরুত্ব তুলে ধরো। উক্ত অংশে উল্লিখিত অন্নদার আবির্ভাব তিথি লেখো।

(গ) "যেখানে কুলীন জাতি সেখানে কন্দল।"— কথাগুলির বক্তা কে? বক্তার এমন মন্তব্যের প্রসঙ্গ নির্দেশ করো।

(ঘ) হরি হোড়ের পিতা ও মাতার নাম কী? 'অন্নদামঙ্গল' অবলম্বনে হরি হোড় চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঙ) লঙ্কাকাণ্ড অবলম্বনে কুম্ভকর্ণের পতনের কাহিনিটি লেখো। কুম্ভকর্ণের পুত্রদ্বয়ের নাম কী?

(চ) 'লঙ্কাকাণ্ড' অনুসরণে সীতা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। কুবের কে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) ''রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গলের গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা, তেমনি তাহার কারুকার্য।''— মন্তব্যটি কার? মন্তব্যটির যথার্থতা তুলে ধরো।

*অথবা,*

'অন্নদামঙ্গল' কাব্যটির রচনার আনুমানিক সময়কালের উল্লেখ করো। 'অন্নদামঙ্গল' অবলম্বনে দেব-দেবীর চরিত্র অঙ্কনে ভারতচন্দ্রের বিশিষ্টতার পরিচয় দাও।

(খ) 'লঙ্কাকাণ্ড' অনুসরণে হাস্যরস সৃজনে কৃত্তিবাসের দক্ষতার পরিচয় দাও। অহিরাবণ কে?

*অথবা,*

কৃত্তিবাসী রামায়ণের 'লঙ্কাকাণ্ড' অনুসরণে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। লঙ্কাপুরীর নির্মাতা কে?

———

4656

# B.A. 2nd Semester (General) Examination, 2023 (CBCS)

## Subject : Bengali

## Course : CC-1B/2B/GE-2

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*
*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বাজীকরের বাড়ি কোথায়? তার প্রধান সহকারী কে?

(খ) 'ভিখারী সাহেব' গল্পে কথকের কোন বন্ধু হেনরির ছবি তুলে কোন পত্রিকায় প্রকাশের জন্য পাঠান?

(গ) 'বাজীকর' গল্পটিতে মোট ক'টি পরিচ্ছেদ আছে? এই গল্পের শেষ পরিচ্ছেদটির নাম কী?

(ঘ) "ক্ষেত্রমোহন ঝরঝর করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন"—ক্ষেত্রমোহনের অশ্রুপাতের কারণ লেখো।

(ঙ) "দুজনেই নির্বাক"—এই দুজন কারা? তারা নির্বাক কেন?

(চ) 'দেবী' গল্পে উমাপ্রসাদের স্ত্রীর নাম কী? তার বয়স কত?

(ছ) 'বলবান জামাতা' গল্পটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?

(জ) "অন্ধকার গভীর নিশীথে সে মেয়ের হাত ধরিয়া বাহির হইল"—'সে' কে? মেয়েটির নাম কী?

(ঝ) 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালীর বাবার নাম কী? সে কোথায় থাকত?

(ঞ) "সে চোখের জল মুছিতে মুছিতে সকলের পিছনে শ্মশানে আসিয়া উপস্থিত হইল"—'সে' কে? শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত?

(ট) "ভীতু পাঁচকড়ি সে রাত্রে আর বাড়ি গেল না।"—পাঁচকড়ি কে? 'সে রাত্রে' আর বাড়ি গেল না কেন?

(ঠ) 'রামের সুমতি' গল্পে নীলমণি ডাক্তারের ভিজিট কত? শ্যামলালের গৃহভৃত্যের নাম কী?

(ড) "রামের কার্তিক-গণেশ কাজে লাগবে আমার শ্রাদ্ধের সময়"—রামের কার্তিক-গণেশের পরিচয় দাও।

(ঢ) "যথা সময়ে অপর্ণার বিবাহ হইয়া গেল"—অপর্ণা কে? তার কার সঙ্গে বিয়ে হয়েছিল?

(ণ) 'মন্দির' গল্পে শক্তিনাথকে মন্দির থেকে তাড়িয়ে দেবার পর কীভাবে তার মৃত্যু হয়?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'বাজীকর' গল্পের রামরতন বসুর চরিত্রটির পরিচয় দাও।

(খ) "ঠাকুরঝি, এসব কী?"—কথাটি কে, কাকে বলেছে? ঠাকুরঝি চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) দয়াময়ী মানবী থেকে দেবীত্বে কীভাবে অভিষিক্ত হল, তা 'দেবী' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) 'মহেশ' গল্প অবলম্বনে আমিনার পরিচয় দাও।

(ঙ) 'মন্দির' গল্প আশ্রয় করে কুম্ভকার পরিবারের সঙ্গে শক্তিনাথের সম্পর্কের পরিচয় দাও।

(চ) 'রামের সুমতি' গল্প অবলম্বনে রামলাল ও শ্যামলালের সম্পর্ক বিচার করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'ভিখারী সাহেব' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

'বলবান জামাতা' গল্পটিতে পরিবেশিত হাস্যরসের পরিচয় দাও।

(খ) 'অভাগীর স্বর্গ' গল্পে তৎকালীন সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

*অথবা*

'মামলার ফল' গল্পের গঙ্গামণি চরিত্রটির পরিচয় দাও।

———

24657

# B.A. 2nd Semester (General) Examination, 2023 (CBCS)

## Subject : Bengali

## Course : CC-1B/2B/GE-2

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।*

*পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বাজীকরের বাড়ি কোথায়? তার প্রধান সহকারী কে?

(খ) 'ভিখারী সাহেব' গল্পে কথকের কোন বন্ধু হেনরির ছবি তুলে কোন পত্রিকায় প্রকাশের জন্য পাঠান?

(গ) 'বাজীকর' গল্পটিতে মোট ক'টি পরিচ্ছেদ আছে? এই গল্পের শেষ পরিচ্ছেদটির নাম কী?

(ঘ) "ক্ষেত্রমোহন ঝরঝর করিয়া অশ্রুপাত করিতে লাগিলেন"—ক্ষেত্রমোহনের অশ্রুপাতের কারণ লেখো।

(ঙ) "দুজনেই নির্বাক"—এই দুজন কারা? তারা নির্বাক কেন?

(চ) 'দেবী' গল্পে উমাপ্রসাদের স্ত্রীর নাম কী? তার বয়স কত?

(ছ) 'বলবান জামাতা' গল্পটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?

(জ) "অন্ধকার গভীর নিশীথে সে মেয়ের হাত ধরিয়া বাহির হইল"—'সে' কে? মেয়েটির নাম কী?

(ঝ) 'অভাগীর স্বর্গ' গল্পের কাঙালীর বাবার নাম কী? সে কোথায় থাকত?

(ঞ) "সে চোখের জল মুছিতে মুছিতে সকলের পিছনে শ্মশানে আসিয়া উপস্থিত হইল"—'সে' কে? শ্মশানটি কোন নদীর তীরে অবস্থিত?

(ট) "ভীতু পাঁচকড়ি সে রাত্রে আর বাড়ি গেল না।"—পাঁচকড়ি কে? 'সে রাত্রে' আর বাড়ি গেল না কেন?

(ঠ) 'রামের সুমতি' গল্পে নীলমণি ডাক্তারের ভিজিট কত? শ্যামলালের গৃহভৃত্যের নাম কী?

(ড) "রামের কার্তিক-গণেশ কাজে লাগবে আমার শ্রাদ্ধের সময়"—রামের কার্তিক-গণেশের পরিচয় দাও।

(ঢ) "যথা সময়ে অপর্ণার বিবাহ হইয়া গেল"—অপর্ণা কে? তার কার সঙ্গে বিয়ে হয়েছিল?

(ণ) 'মন্দির' গল্পে শক্তিনাথকে মন্দির থেকে তাড়িয়ে দেবার পর কীভাবে তার মৃত্যু হয়?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'বাজীকর' গল্পের রামরতন বসুর চরিত্রটির পরিচয় দাও।

(খ) "ঠাকুরঝি, এসব কী?"—কথাটি কে, কাকে বলেছে? ঠাকুরঝি চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) দয়াময়ী মানবী থেকে দেবীত্বে কীভাবে অভিষিক্ত হল, তা 'দেবী' গল্প অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) 'মহেশ' গল্প অবলম্বনে আমিনার পরিচয় দাও।

(ঙ) 'মন্দির' গল্প আশ্রয় করে কুম্ভকার পরিবারের সঙ্গে শক্তিনাথের সম্পর্কের পরিচয় দাও।

(চ) 'রামের সুমতি' গল্প অবলম্বনে রামলাল ও শ্যামলালের সম্পর্ক বিচার করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) 'ভিখারী সাহেব' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

*অথবা*

'বলবান জামাতা' গল্পটিতে পরিবেশিত হাস্যরসের পরিচয় দাও।

(খ) 'অভাগীর স্বর্গ' গল্পে তৎকালীন সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

*অথবা*

'মামলার ফল' গল্পের গঙ্গামণি চরিত্রটির পরিচয় দাও।